

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৪৬.০৪.২২১.১৯.৫৫

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৬

১২ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৪৭৬৩/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থাপ্রহরণক্রমে এ বিষয়ে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের বুল নিশি জারির আদেশ, তারিখ: ১৪.০৫.২০০৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আবদুস সালাম, অধ্যক্ষ, বেড়া মহিলা আলিম মাদরাসা, বেড়া, পাবনা, পিতা: মৃত হাজী তায়েজুল ইসলাম, গ্রাম: বমগ্রাম, থানা: বেড়া, জেলা: পাবনা কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৪৭৬৩/২০০৭ মামলাটি দায়ের করা হয়।

০২. মামলাটির রূপ নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, বেড়া মহিলা আলিম মাদরাসার গভর্নিং বডির স্মারক নং- পাঁচ-৪/০৬-৮২৪ অংশ, তারিখ: ২১.১১.০৬ খ্রি: মূলে রিট আবেদনকারী জনাব মো: আবদুস সালামকে সাময়িক বরখাস্ত করা হয়। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে রিট আবেদনকারী কর্তৃক উল্লিখিত স্মারক পত্রটিকে চ্যালেঞ্জ করে রিট পিটিশন নং-৪৭৬৩/২০০৭ মামলাটি দায়ের করা হয়।

০৩. রিট পিটিশন নং-৪৭৬৩/২০০৭ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপন্ডেন্ট, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপন্ডেন্ট, চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড-কে ৩ নং রেসপন্ডেন্টসহ মোট ৩ (তিন) জনকে রেসপন্ডেন্ট করা হয়েছে।

০৪. উক্ত মামলা বিষয়ে আইনী ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের আইন সেক্টর দ্বারা মো: আবদুস সালামকে রিট-২২৪/২০০৭/২০৪, তারিখ: ২৯.০৭.২০০৭ খ্রি: মূলে মহাপরিচালক, মাউশি অধিদপ্তর এবং চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড-কে পত্র প্রেরণ করা হয় কিন্তু সে পত্রের বিষয়ে Update কোন তথ্য টিএমইডিতে অধ্যাবসি পাওয়া যায়নি।

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রিট মামলার প্রেক্ষিতে কোন জবাব (Affidavit in opposition) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না, মামলাটির শুনানী হয়ে কোন রায় হয়েছে কী-না এবং মামলাটির ফলাফল কি; মামলাটি বিষয়ে বর্তমানে করণীয় কী ? ইত্যাদি বিষয়ে তথ্য প্রয়োজন।

০৬. প্রশাসনিক উপর্যুক্ত বিষয়াদি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-৪৭৬৩/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে পূর্বেই আইনী কার্যক্রমের তথ্য আগামী ২০.০৫.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



ড. মোঃ মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৪৬.০৪.২২১.১৯.৫৫/১(৭)

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৬

১২ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অধঃপত্নির জন্য)
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অধঃপত্নির জন্য)
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অধঃপত্নির জন্য)
- ৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) চুগ্গসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭) অফিস কপি, মাস্টার কপি



১২-০৭-২০ ১৯

ড. মো: মহাতার হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)